দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় ২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	০২	০২	০	০	০	০	০%	০	০%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০২ (দুই)

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ	১২১৫৬৬.১৭	০১/১০/ ২০১৭ থেকে ৩০/০৬/২০১৯
গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ	৩৫৯৭৮২.৫৮	০১/০১/২০১৬ থেকে ৩০/০৬/২০১৯

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ রক্ষণাবেক্ষণ	প্রকল্পের আওতায় নির্মিত স্থাপনাসমূহ যথাযথ রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে; ভবিষ্যতে ক্ষতিগ্রস্থ রাস্তা এবং ব্রীজসমূহের মেরামতের প্রয়োজন হলে তা মন্ত্রণালয়/সংস্থা পর্যায়ে সম্পাদন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩.১ প্রকল্পের জন্য নির্ধারিত সময়ের মধ্যে সকল নির্মাণকাজ সমাপ্ত করতে না পারা;	নির্ধারিত সময়ে প্রকল্পের সকল কাজ সমাপ্ত করার জন্য সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ এবং তা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৩.১ প্রকল্পের আওতায় পণ্য, কার্য, সেবা খাতে ক্রয়ের ক্ষেত্রে ডিপিপি'র অনুমোদিত পদ্ধতি, বরাদ্দসীমা ও সময় অনুসরণ না করা;	ক্রয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ডিপিপি'র অনুমোদিত সীমা, পদ্ধতি এবং প্রচলিত বিধিবিধান অনুসরণ করতে হবে;
৩.৬ অডিট কার্যাদি নির্ধারিত সময়ে সম্পন্ন না হওয়া।	প্রকল্প মেয়াদের মধ্যে বছরভিত্তিক অডিট কার্যাদি সম্পন্ন করতে হবে এবং অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ জুন, ২০১৯)

১। **প্রকল্পের নাম** : গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্প

২। **প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী** : পুলক কান্তি বড়ুয়া, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১

৩। **প্রকল্প পরিদর্শনের তারিখ** : ১৩/০৩/২০২০ ও ১৪/০৩/২০২০ খ্রিঃ

৪। **প্রকল্পের অবস্থান** : দেশের ৬৪ জেলার ৪৯২টি উপজেলা (তেজগাঁও সার্কেলসহ)

৫। **বাস্তবায়নকারী সংস্থা** : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৬। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৭। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল** : ১২৩৮২৭.০০ লক্ষ টাকা ও জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ পর্যন্ত

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (বৈঃমুঃ)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১২৩৮২৭.০০	১২৩৮২৭.০০	১২১৫৬৬.১৭	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯	অক্টোবর, ২০১৭ হতে জুন, ২০১৯		

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক ও বাস্তব অগ্রগতি

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	কোড	অঙ্গের বিবরণ	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩০.০৬.২০১৯)		Reasons for deviation [2]
				আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
(ক) রাজস্ব ব্যয়ঃ								
১	৩১১১১০১	অফিসারদের বেতন	৯	৮৩.৭০	১০০%	০.০০	০%	৮৩.৭০
২	৩১১১২০১	কর্মচারীদের বেতন	১	৩.৬৭	১০০%	০.০০	০%	৩.৬৭
৩	৩১১১৩১০	বাড়ী ভাড়া ভাতা	১০	৪৭.২২	১০০%	০.০০	০%	৪৭.২২
৪	৩১১১৩২৫	উৎসব ভাতা	১০	১৪.৫৬	১০০%	০.০০	০%	১৪.৫৬
৫	৩১১১৩১১	চিকিৎসা ভাতা	১০	৫.৪০	১০০%	০.০০	০%	৫.৪০
৬	৩১১১৩৩২	সম্মানী ভাতা	১০	৫৭.৮৯	১০০%	১৯.৫২	৩৪%	৩৮.৩৭
৭	৩১১১৩৩৮	অন্যান্য ভাতা	১০	৮.৬১	১০০%	০.০০	০%	৮.৬১
৭	৩২৪১১০১	ভ্রমণ ব্যয়	১০	১৫.০০	১০০%	২.২৯	১৫%	১২.৭১
৮	৩২১১১২০	টেলিফোন/ টেলিগ্রাম/ টেলিপ্রিন্টার	৩	৩.০০	১০০%	০.৪০	১৩%	২.৬০
৯	৩২২১১০৪	রেজিস্ট্রেশন ফি	৭	১০.০০	১০০%	৫.৩৬	৫৪%	৪.৬৪
১০	৩২৪৩১০২	গ্যাস ও জ্বালানী	থোক	৪০.০০	১০০%	৩৩.৯৪	৮৫%	৬.০৬
১১	৩২৫৫১০২	মুদ্রণ ও বাঁধাই	থোক	১৫.০০	১০০%	২.৬৫	১৮%	১২.৩৫

ক্রঃ নং	কোড	অঙ্গের বিবরণ	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩০.০৬.২০১৯)		Reasons for deviation [2]
				আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১২	৩২৫৫১০৪	ষ্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক	১৫.০০	১০০%	৪.৬৪	৩১%	১০.৩৬
১৩	৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপণ	থোক	১০.০০	১০০%	৮.৩৫	৮৪%	১.৬৫
১৪	৩২১১১৩১	আউটসোসিং জনবল	১৭	১৩৯.৪১	১০০%	৫৯.৩৪	৪৩%	৮০.০৭
১৬	৩২৫৭২০৬	সম্মানী ভাতা	থোক	১২.১১	১০০%	১২.১১	১০০%	০.০০
১৭	৩২৫৫১০১	কম্পিউটার সামগ্রী	থোক	২.০০	১০০%	০.৯৪	৪৭%	১.০৬
১৮	৩২৫৫১০৫	অন্যান্য ব্যয় (উপজেলা মনিহারী বিলসহ)	থোক	৮০.০০	১০০%	৫৫.৭৬	৭০%	২৪.২৪
১৯	৩২৫৮১০১	মোটর যানবাহন মেরামত	৭	২০.০০	১০০%	৪.৫১	২৩%	১৫.৪৯
২০	৩২৫৮১০৩	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	থোক	২.০০	১০০%	০.৪০	২০%	১.৬০
		(ক) মোট রাজস্ব ব্যয় =		**৫৮৪.৫৮**		**২১০.২২**		**৩৭৪.৩৬**
(খ) মুলধন ব্যয়ঃ								
২২	৪১১২১০১	জীপ	৬	৪৫০.০০	১০০%	৩৬৪.১৭	৮১%	৮৫.৮৩
		ডাবল কেবিন পিক-আপ	১	৫৭.০০	১০০%	৪৯.৭০	৮৭%	৭.৩১
২৩	৪১১২২০২	কম্পিউটার ও যন্ত্রাংশ	৫	৫.০০	১০০%	৪.৯৯	১০০%	০.০১
২৪	৪১১২৩১৪	অফিস আসবাবপত্র	থোক	৩.০০	১০০%	২.৯৯	১০০%	০.০১
২৫	৪১১১৩০৪	গ্রামীণ রাস্তা (গ্রামীণ মাটির রাস্তা এইচবিবি করণ- ৩১৪৫.৫০ কি.মি.)	৩১৪৫.৫০ কি.মি.	১২২১১৬.৮৭	১০০%	১২০৯৩৪.১১	৯৯%	১১৮২.৭৬
		(খ) মোট মুলধন ব্যয় =		**১২২৬৩১.৮৭**		**১২১৩৫৫.৯৫**		**১২৭৫.৯২**
		(ক+খ) মোট রাজস্ব ব্যয় ও মূলধন ব্যয় =		**১২৩২১৬.৪৫**		**১২১৫৬৬.১৭**		**১৬৫০.২৮**
(গ)	প্রাইজ কন্টিনজেন্সী- ১.৮৩%			৩৪৪.৮৮	১০০%	০.০০	০%	৩৪৪.৮৮
(ঘ)	ফিজিক্যাল কন্টিনজেন্সী- ০.৮৩%			২৬৫.৬৭	১০০%	০.০০	০%	২৬৫.৬৭
		(ক+খ+গ+ঘ) সর্বমোট =		**১২৩৮২৭.০০**		**১২১৫৬৬.১৭**	৯৮%	**২২৬০.৮৩**

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রযোজ্য নয়।

১০। প্রকল্পের পটভূমিঃ বাংলাদেশ বিশ্বের অধিক জনবহুল দেশের মধ্যে একটি। জনসংখ্যার অধিকাংশ গ্রামে বসবাস করেন। গ্রামাঞ্চলে দারিদ্রতার হার বেশী। ভূমিহীন, প্রান্তিক কৃষক, কর্ম-সংস্থানের অভাব ইত্যাদি কারনে গ্রামীণ জনগনের আয়-ক্ষমতা কম। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নের জন্য অবকাঠামোগত উন্নয়ন সাধনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করে আয়-ক্ষমতা বৃদ্ধি বিশেষ করে গ্রামীণ মহিলাদের কর্ম-সংস্থানের মাধ্যমে সামগ্রিক দারিদ্রতা হ্রাস করা বর্তমান সরকারের ভিশন-২০২১ এবং ৭ম পঞ্চ-বার্ষিক পরিকল্পনার মূল উদ্দেশ্য।

(ক) গ্রামীণ জনপদের উন্নয়নের উপর নির্ভর করে দেশের সার্বিক উন্নয়ন। গ্রামীণ উন্নয়ন মানুষের জীবন-জীবিকার উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে থাকে। ফলে দেশের আর্থিক উন্নয়নে তা অবদান রাখে।

(খ) বাংলাদেশের যোগাযোগ ব্যবস্থার এক বিরাট অংশ এখনো অসম্পূর্ণ। যার অধিকাংশই গ্রামাঞ্চলে। গ্রামের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধন করে জাতীয় যোগাযোগ নেটওয়ার্কের সাথে সম্পৃক্ত করা গেলেই কেবল দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব হবে।

(গ) স্বাধীনতার পর থেকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কাবিখা, কাবিটা, টিআর কর্মসূচির মাধ্যমে এবং ২০০৮ সাল হতে ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওর (EGPP) প্রকল্পের মাধ্যমে প্রায় ০৩ লক্ষ কিলোমিটার মাটির রাস্তা নির্মাণ করেছে। কালের পরিক্রমায় এবং যুগের প্রয়োজনে এ সকল রাস্তার এক বিরাট অংশ স্থানীয় সরকার

প্রকৌশল অধিদপ্তর, জেলা পরিষদ এমনকি অনেক রাস্তা সড়ক বিভাগ কর্তৃক পাকা কাজ সম্পন্ন হয়েছে। তথাপিও উপজেলা পর্যায়ে এ যাবৎ প্রায় ১.৫ লক্ষ কিলোমিটার রাস্তা কাচা রয়েছে।

(ঘ) ২০১৭ সালের ১৪ মার্চ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্পটি অনুমোদন করা হয়। জুলাই ২০১৬ হতে জুন ২০১৯ মেয়াদে মোট ৩১৪৫.৫০ কিলোমিটার (সংশোধিত) গ্রামীণ রাস্তা হেরিং বোন বন্ড (এইচবিবি) করা হবে।

১৪ মার্চ ২০১৭ তারিখের একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন

- "দেশের কোথায় কোন রাস্তা হবে তার একটি মাষ্টার প্লান করতে হবে। পরবর্তীতে এই মাষ্টার প্লান অনুযায়ী সড়কের উন্নয়ন কাজ করতে হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং গ্রামীণ ক্ষুদ্র রাস্তার ক্ষেত্রে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৩ টি মন্ত্রণালয়ের মধ্যে সমন্বয়ের জন্য পরিকল্পনা কমিশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করবে।"

(ঙ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে পরিকল্পনা কমিশন সড়ক ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সমন্বয়ে আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করেন। উক্ত কমিটি একাধিকবার সভা করেন এবং বিগত ০৫-১১-২০১৭ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত সভায় নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তসমূহঃ

- ৪.১ গেজেটে বর্ণিত এলজিআইভুক্ত গ্রামীণ সড়ক টাইপ-বি (দৈর্ঘ্য ২ কিঃমিঃ এর নিম্নে) এর আওতায় ৬৩২৪৪ কিঃ মিঃ গ্রামীণ সড়ক হতে দুর্যোগ ব্যবস্থাপনা অদিদপ্তর তাদের সক্ষমতা অনুযায়ী নির্মাণ কাজ করতে পারবে।

- ৪.২ এখন থেকে নতুন যে রাস্তা (টাইপ-বি, ২ কি:মি: এর নিম্নে) হবে তাও এলজিআইভুক্ত হবে এবং সেখান থেকে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর রাস্তা নির্মাণ করতে পারবে।

- ৪.৩ এলজিআইভুক্ত গ্রামীণ সড়ক থেকে যে রাস্তাসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হবে তা এলজিআই এর মাধ্যমে আইডি/পরিচিতি নম্বর তারা দিতে পারবে এবং এর রক্ষণাবেক্ষন ও মেইনটেনেন্স তাদের করতে হবে।

১১। প্রকল্পের উদ্দেশ্যঃ

- দেশের প্রতিটি উপজেলায় স্থানীয় হাট-বাজার, গ্রোথ সেন্টার, শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদ যে সকল গ্রামীণ মাটির রাস্তা দ্বারা সংযুক্ত রয়েছে সেগুলোকে এইচবিবি করণের মাধ্যমে দীর্ঘস্থায়ী ও টেকসই করা।
- সারা বছর চলাচল উপযোগি ও টেকসই রাখতে, উৎপাদিত কৃষিপণ্য বিপণনে সহায়তা প্রদানের জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নতি করা এবং পরিবহন ব্যয় কমিয়ে আনা।
- দুর্যোগের সময় অল্প সময়ে দুর্গত এলাকার জনগন যাতে আশ্রয় কেন্দ্রে আসতে পারে, সহজে চিকিৎসা সেবা পেতে পারে, গবাদিপশু দ্রুত নিরাপদ স্থানে সরিয়ে নেয়া এবং দুর্যোগে ঝুঁকি হ্রাস করা।
- বর্ষা মৌসুমে মাটির রাস্তাগুলি কর্দমাক্ত ও ক্ষয় হয়। এতে প্রতি বছর যোগাযোগ উপযোগি রাখতে সরকারের অনেক অর্থের প্রয়োজন হয়। এইচবিবি করণের মাধ্যমে মাটির ক্ষয় রোধ করা ও ভবিষ্যতে মেরামত ও রক্ষণাবেক্ষন ব্যয় কমিয়ে আনা।
- স্থানীয় জনগোষ্ঠির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। বিশেষ করে মহিলাদের কর্মসংস্থানের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন করা।
- ভিশন-২০২১ এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সমগ্র দেশের অবকাঠামোর উন্নয়ন করা।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি	প্রঃ সাঃ	জিটিসিএল			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১২৩৮২৭.০০	১২৩৮২৭.০০	-	-	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯	১৪/০৩/২০১৭	-	-
সংশোধিত (১ম)	১২৩৮২৭.০০	১২৩৮২৭.০০	-	-	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯	১০/০১/২০১৯	-	-

প্রকল্প সংশোধনের প্রধান কারণঃ

- ❖ প্রকল্পটি এলজিইডি এর ২০১৫ সালের রেট সিডিউলে ডিপিপি অনুমোদিত হয়েছে;
- ❖ ২০১৭-২০১৮ অর্থ বছরে ২০৭৪.০ কি:মি: গ্রামীণ রাস্তা ২০১৫ সালের রেট সিডিউলে প্রাক্কলণ করা হয়েছে। জুন ২০১৮ পর্যন্ত সময়ে ১৭৫০.০ কি:মি: রাস্তা বাস্তবায়িত হয়েছে। ২০১৫ সালের রেট সিডিউলের চেয়ে নির্মাণ সামগ্রীর বাজার দর বেশী হওয়ার কারণে কাজের গতি মন্থর হয়েছে;
- ❖ বর্তমান বাজার দরের সাথে প্রাক্কলিত দরের পার্থক্য বেশী থাকায় এ ধরনের সৃজিত সমস্যা সমাধান করা;
- ❖ কাজের গুণগত মান নিশ্চিত করা, নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্ন করার নিমিত্ত এলজিইডি কর্তৃক ২০১৭ সালে নতুন রেট সিডিউল প্রস্তুত করা;
- ❖ নতুন রেট সিডিউলে প্রাক্কলন করে ২০১৮-২০১৯ অর্থ বছরে ডিপিপি'র অবশিষ্ট ১০৭১.৫ কি:মি: রাস্তার কাজ সম্পাদন করার বিষয়টি পিআইসি ও উপদেষ্টা কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বাবদ অতিরিক্ত দরকার হবে ৫৭৬০.২১ লক্ষ টাকা। প্রকল্পের প্রাইজ কন্টিনজেন্সী হতে সমন্বয় করা হবে।
- ❖ বর্ষাকালে অবাধ পানি প্রবাহমান রাখার জন্য, বর্ষা শেষে জলাবদ্ধতা যেন সৃষ্টি না হয় এবং বোরো মৌসুমে কৃষি কাজে সেচ দেয়ার কারনে এক পাশের পানি অপর পাশে নেয়ার জন্য water passage প্রয়োজন হয়। বর্তমান প্রকল্পে অবাধ পানি প্রবাহের জন্য কোন প্রকার রিং পাইপ/ইউ-ড্রেনের ব্যবস্থা রাখা হয়নি;
- ❖ ২০১৮-২০১৯ অর্থ বছরে নির্মিতব্য প্রকল্পে কমপক্ষে আরসিসি রিং পাইপের ব্যবস্থা গ্রহণের জন্য পিআইসি সভায় সুপারিশ করা হয়েছে। ফলে ২০১৮-২০১৯ অর্থ বছরে প্রতি কিলোমিটারে ১০ পিস রিং-পাইপ প্রাক্কলনে অর্ন্তভূক্ত করা আবশ্যক। উক্ত টাকা ফিজিক্যাল হতে সমন্বয় করা হবে।

১৩। প্রকল্পে অর্থায়নঃ

(লক্ষ টাকা)

মোট	ঋণ	অনুদান/ইক্যুইটি	Cash Foreign Exchange
১২৩৮২৭.০০	-	-	-

১৪। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

ভৌত অগ্রগতিঃ

ক্রমিক	অঙ্গের বিবরণ	অগ্রগতি
০১.	প্রকল্পের আওতায় ৩১৪৫.৫০ কিলোমিটার গ্রামীণ মাটির রাস্তা এইচবিবি করণ। সে মোতাবেক ৩১৪৫.৬০ কিলোমিটার সম্পাদন ও ১০০% সমাপ্ত হয়েছে।	**১০০%**

আর্থিক অগ্রগতিঃ

(লক্ষ টাকা)

অর্থ বছর	এডিপি/আরএডিপি বরাদ্দ		ব্যয়		অব্যয়িত অর্থ
	মোট	টাকা	মোট	টাকা	
১	২	৩	৪	৫	৬
২০১৭-২০১৮	৫৩৭০০.০০	৫৩৭০০.০০	৫৩৪৮৫.০০	৫৩৪৮৫.০০	২১৫.০০
২০১৮-২০১৯	৬৯৩২৩.০০	৬৯৩২৩.০০	৬৮০৮১.১৭	৬৮০৮১.১৭	১২৪১.৮৩
মোট =	**১২৩০২৩.০০**	**১২৩০২৩.০০**	**১২১৫৬৬.১৭**	**১২১৫৬৬.১৭**	**১৪৫৬.৮৩**

১৫। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

"গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" প্রকল্পটি গত ১৪ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) -এর সভায় অনুমোদিত হয়েছে। প্রকল্পের আওতায় অনুকূলে ১২৩৮২৭.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩১৪৫.৫০ কিঃমিঃ রাস্তার নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল । সে মোতাবেক ৩১৪৫.৬০ কিলোমিটার গ্রামীণ মাটির রাস্তা এইচবিবি সম্পাদন ও ১০০% সমাপ্ত হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি **৯৮%।** বাস্তব অগ্রগতি **১০০%**।

১৬। পর্যবেক্ষণঃ

(ক) পরিদর্শনকৃত এলাকা: আইএমইডি'র পরিচালক জনাব পুলক কান্তি বড়ুয়া গত ১৩/০৩/২০২০ ও ১৪/০৩/২০২০ তারিখে প্রকল্পের কক্সবাজার জেলার মহেশখালী উপজেলা এবং রামু উপজেলার নির্মাণ কাজের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে কক্সবাজার জেলার মহেশখালী ও রামু উপজেলার প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত থেকে সহযোগিতা করেন।

(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ: আইএমই বিভাগের সহকারী পরিচালক, জনাব মোঃ আমিনুর রহমান কর্তৃক গত ২৩/০৩/২০১৯ তারিখে প্রকল্পটির বাগেরহাট জেলার মোল্লাহাট এবং ফকিরহাট উপজেলার প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করা হয়।

১৭। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

ক. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি'র সংস্থান প্রতিপালন:

প্রকল্পের আওতায় দেশের ৪৯২ টি উপজেলায় মোট ৩১৪৫.৫০ কিঃমিঃ রাস্তা এইচবিবিকরণ করার লক্ষ্যমাত্রার বিপরীতে জুন, ২০১৯ পর্যন্ত ব্যয় হয়েছে ১২১৫৬৬.১৭ লক্ষ টাকা ক্রমপঞ্জিভূত আর্থিক অগ্রগতি- ৯৮.০% বাস্তব অগ্রগতি ১০০%।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ: প্রচলিত বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন।

গ. গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত): নির্মাণ কাজে ব্যবহৃত ম্যাটেরিয়ালস এর গুণগতমান বজায় রাখার স্বর্থে প্রকৌশল বিশ্ববিদ্যালয়/প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ পলিটেকনিক ইন্সটিটিউট/ এলজিইডি হতে ল্যাবরেটরী টেস্ট করার ব্যবস্থা গ্রহন করা হয়েছে বলে প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন।

- সম্পাদিত কাজ: গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ।
- ব্যবহৃত পণ্য/ উপকরণ: ইট,বালি,প্যালাসাইডিং করণে – খোয়া,সিমেন্ট, ড্রামশীট, বল্লা, বাতা।

ঘ. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে): প্রযোজ্য নয়।

ঙ. বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে): প্রকল্পটি সমগ্র বাংলাদেশে পরিচালিত হচ্ছে।মূল উপকরণ/নির্মাণ সামগ্রী হিসেবে ইট ও বালি ব্যবহৃত হয়। সব উপজেলায় ইটের ভাটা না থাকা ও বালির প্রাপ্যতা সমান না হওয়ায় এবং প্রত্যন্ত ও দুর্গম এলাকায় নির্মাণ সামগ্রী পরিবহন প্রকল্প বাস্তবায়নে প্রধান চ্যালেঞ্জ।

চ. **সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে):**

পরিদর্শিত এলাকার সুবিধাভোগী জনগণের সাথে আলাপে জানা যায়, সরকারের গৃহীত এ প্রকল্পটি বাস্তবায়নে দেশের জনগণের জীবন যাত্রায় সরাসরি প্রভাব ফেলছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে উন্নত যোগাযোগ ব্যবস্থা, উৎপাদিত কৃষিপণ্য পরিবহন ও যে কোন দুর্যোগে দ্রুত নিরাপদ আশ্রয়ে পৌঁছানোসহ নানাবিধ সুবিধা সৃষ্টি হয়েছে। প্রকল্পটির আওতায় আরো নতুন নতুন রাস্তা নির্মাণের ব্যাপারে পরিদর্শনকৃত এলাকার জনগণ আশাবাদ ব্যক্ত করেন।

ছ. **পরিদর্শনকৃত এলাকার অগ্রগতি :**

১। কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাঃ প্রকল্পটির আওতায় কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ০২ টি প্যাকেজের মাধ্যমে ২৫০০ মিটার গ্রামীণ মাটির রাস্তা হেরিং বোন বন্ড করণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। পরিদর্শনকালে মহেশখালী উপজেলার বিভিন্ন গ্রামীণ রাস্তা নির্মাণে ব্যবহৃত ইট ভাল মানের বলে প্রতীয়মান হয়েছে। পরিদর্শনকালে দেখা গেছে কোন কোন রাস্তার ইট তুলে ফেলা হয়েছে। আবার কোন কোন এলাকায় রাস্তায় পাওয়ার টিলার, ভ্যান ইত্যাদি গাড়ী ভারী মালামাল পরিবহনে ব্যবহৃত হওয়ায় রাস্তা ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে।

প্যাকেজ-১ : ক) নয়া পাড়া হতে সাগর পাড় বেরী রাস্তায় এইচবিবি করণ- ৫০০ মিটার (মাতারবাড়ী ইউপি)। খ) কালারমার ছড়া ও জে এম ঘাট সংযোগ সড়ক এইচবিবি করণ- ৫০০ মিটার (কালারমার ছড়া ইউপি)। ও গ) ছোট মহেশখালী ইউনিয়নের বারিয়াছড়ি রাস্তা- ৫০০ মিটার (ছোট মহেশখালী ইউপি) এইচবিবি করণ ০৩ টি অংশে (১৫০০.০০) মিটার রাস্তা এইচ বিবি করণ।

প্যাকেজ-২ : (ক) মাইজ পাড়া হতে সাগর গাড় বেরী বাধ রাস্তা পর্যন্ত (৫০০ মিটার) ও (খ) খোন্দকার পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দক্ষিণ পার্শ্ব হতে আল্লামা মুহাম্মদ ফোরকান শাহ সড়ক পর্যন্ত (৫০০ মিটার) (কুতুবজোম ইউপি) রাস্তায় এইচবিবি করণ।

২। কক্সবাজার জেলার রামু উপজেলাঃ প্রকল্পটির আওতায় কক্সবাজার জেলার রামু উপজেলায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ০২ টি প্যাকেজের মাধ্যমে ২০০০ মিটার গ্রামীণ মাটির রাস্তা হেরিং বোন বন্ড করণের লক্ষ্যমাত্রা ছিল।

প্যাকেজ নং-০১; ক) জিনের ঘোনা পল্লানের বিলের বটগাছ হইতে মোহাম্মদ ইউনুস ভট্টু বেসরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত (৫০০ মি.) রাস্তা এইচবিবি করণ ও খ) চেইন্দা ঘোনার পাড়া স্লুইচ গেইট হইতে আব্দুল হকের বাড়ী পর্যন্ত (৫০০ মি.) (দক্ষিণ মিঠাছড়ি ইউপি) রাস্তা এইচবিবি করণ। পরিদর্শন কালে রাস্তার নির্মাণকাজ ঠিক আছে প্রতীয়মান হয়। তবে পথচারী ভ্যান গাড়ি, মটরসাইকেল ইত্যাদি চলাচলের ফলে কিছু কিছু ইট নড়াচড়া করছে। ঠিকাদারকে দিয়ে ক্ষতিগ্রস্থ এলাকায় বালু ফেলে ফাঁকাগুলি বন্ধ করার বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মর্তাদের দৃষ্টি আকর্ষণ করা হয়।

প্যাকেজ নং-০২; ক) কেচুবনিয়া সড়ক (৫০০ মি.) রাস্তা এইচবিবি করণ ও খ) ধেছুয়া পালং বড়ুয়া পাড়া সড়ক (৫০০ মি.) (খুনিয়া পালং ইউপি) এইচবিবি করণ। পরিদর্শন কালে রাস্তার নির্মাণকাজে ভাল মানের উপকরণ ব্যবহার করা হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৭। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য (ডিপিপি'র তথ্যানুযায়ী):

ক) **কার্য**:

কাজের বিবরণ		দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
		ডিপিপি অনুযায়ী (আরডিপিপি)	চুক্তিমূল্য	আহবানের তারিখ	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	আহবানের তারিখ
১		২	৩	৪	৫	৬	৭
WD- 01 – WD353	Construction of HBB Roads- 638.50 km (0.00 km).	২৪২৬৩.০০ (০.০০)	০.০০	-	-	-	-

কাজের বিবরণ		দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
		ডিপিপি অনুযায়ী (আরডিপিপি)	চুক্তিমূল্য	আহবানের তারিখ	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	আহবানের তারিখ
১		২	৩	৪	৫	৬	৭
WD- 01 – WD488	Construction of HBB Roads- 638.50 km (2074.00 km).	৫৫৪২৩.০০ (৫২৯৮৪.৩৩)	৫২৯৮৪.৩৩	১৯/১০/২০১৭	২০/০১/২০১৮	১০/০৪/২০১৮	১৫/০৬/২০১৮
WD- 01 – WD492	Construction of HBB Roads- 638.50 km (1071.50 km).	৩৯৮৪৩.০০ (৬৯১৩২.৫৪)	৬৭৯৪৯.৭৮	১২/০১/২০১৯	০১/০৩/২০১৯	১০/০৬/২০১৯	১৮/০৬/২০১৯

খ) সেবাঃ

কাজের বিবরণ		দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
		ডিপিপি অনুযায়ী (আরডিপিপি)	চুক্তিমূল্য	আহবানের তারিখ	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	আহবানের তারিখ
১		২	৩	৪	৫	৬	৭
SV-01							

গ) পণ্যঃ

কাজের বিবরণ		দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
		ডিপিপি অনুযায়ী (আরডিপিপি)	চুক্তিমূল্য	আহবানের তারিখ	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	আহবানের তারিখ
১		২	৩	৪	৫	৬	৭
GD-01	অফিস স্টেশনারী ও অন্যান্য মনিহারী	১৫.০০ (১৫.০০)	৪.৬৪	০৫/১০/২০১৭	০৯/১১/২০১৭	১২/১১/২০১৮	১০/০৬/২০১৯
GD-02	মুদ্রণ ও বাধাই	১৫.০০ (১৫.০০)	২.৬৫	০৪/০৩/২০১৮	০৮/০৪/২০১৮	২৭/০৫/২০১৮	২০/০৬/২০১৯
GD-03	জীপ- ০৬ টি	৪৫০.০০ (৪৫০.০০)	৩৬৪.১৭	০১/১২/২০১৬	০১/০২/২০১৭	২৭/০৫/২০১৮	২৭/০৫/২০১৯
	ডাবল কেবিন পিক-আপ- ০১ টি	৫৭.০০ (৫৭.০০)	৪৯.৭০	০১/১২/২০১৬	০১/০২/২০১৭	২৭/০৫/২০১৮	২৭/০৫/২০১৯
GD-04	কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি	৫.০০ (৫.০০)	২.৯৫৮	০৯/১১/২০১৭	১৯/১২/২০১৭	২১/১২/২০১৭	২১/১২/২০১৭
			২.০৩৫	১০/০৪/২০১৮	৩০/০৪/২০১৮	১০/০৫/২০১৮	১০/০৫/২০১৮
GD-05	অফিস আসবাবপত্র	৩.০০ (৩.০০)	২.৯৮৮	১৮/০৩/২০১৮	১৯/০৪/২০১৮	০৬/০৫/২০১৮	০৬/০৫/২০১৮

১৮। **প্রকল্পের ব্যবহৃত গাড়ি সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্পের আওতায় ০৬ টি জীপ ও ০১ টি ডাবল কেবিন পিক-আপ ক্রয় করা হয়েছে। সমাপ্ত প্রকল্পের উক্ত গাড়িগুলো হস্তান্তর পূর্বক 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী ব্যবহৃত হচ্ছে।

১৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
ডাঃ শহীদ মোতাহার হোসেন যুগ্ম সচিব প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)	না	হ্যাঁ	২৮-০৫-২০১৭	১১-০১-২০১৮
মোঃ ইউছুফ আলী অতিরিক্ত সচিব প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)	না	হ্যাঁ	১১-০১-২০১৮	৩০-০৬-২০১৯

২০। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(a) Construction of HBB Road on rural Earthen Roads to connect the Local markets, Growth Center, School and other important places to improve road communication network and to facilitate the marketing of local products.	3145.60 Kilometer of HBB road constructed in 492 Upazilas and for that earthen roads improved to connect Local markets, Growth Center, School and other important places.
(b) Creation of annual and seasonal employment opportunities for the rural poor people including women through construction activities under the project.	Created Employment opportunities for the rural poor people including women through construction activities under the project during implementation period.
(c) To reduce the poverty among the rural people through developing the basic physical infrastructure and expanding income and employment generating opportunities which will fulfill the target of seventh-five years plan & vision 2021.	Reduce the poverty among the rural people through developing the basic physical infrastructure and expanding income and employment generating opportunities.
(d) To Protect soil erosion and Disaster Risk Reduction of earthen Road. Using materials of HBB road will reduce cost of the construction of future RCC road.	Protect soil erosion of earthen Road and Disaster Risk Reduction. Using materials of HBB road reduce cost of the construction of future RCC road.

২১। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ : প্রযোজ্য নয়।

২২। অডিট :

নিরীক্ষা বছর	ইস্যুকৃত প্যারা সংখ্যা	নিষ্পত্তিকৃত প্যারা সংখ্যা	অবশিষ্ট প্যারা সংখ্যা	আপত্তিসমূহ
২০১৭-১৮	১২/০৫/২০১৯			আপত্তি নাই
২০১৮-১৯	১৪/০২/২০২০			অদ্যাবধি প্রতিবেদন পাওয়া যায়নি।

২৩। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : প্রকল্পের কার্যক্রম চলাকালীন ছোট-খাটো সমস্যা প্রকল্প মেয়াদেই সমাধান করা হয়েছে।

২৪। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): প্রযোজ্য নয়

২৫। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন : প্রযোজ্য নয়।

২৬। প্রকল্প কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র:

চিত্র:-১	চিত্র:-২
	
চিত্র:-৩	
	

২৭। সুপারিশ:

২৭.১। প্রকল্পের অব্যয়িত অর্থের অংগভিত্তিক পূর্ণাঙ্গ বিবরণী প্রদান করতে হবে এবং অব্যয়িত অর্থ ফেরত প্রদানের প্রমানক আইএমইডিতে প্রেরণ করতে হবে;

২৭.২। ভবিষ্যতে এইচবিবিকৃত রাস্তা ক্ষতিগ্রস্ত হলে বা কোন কারণে কোন অংশের মেরামতের প্রয়োজন হলে তা মন্ত্রণালয়/সংস্থা পর্যায়ে সম্পাদন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৭.৩। প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৯)

১। **প্রকল্পের নাম** : "গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্প

২। **প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম** : জনাব মোঃ আমিনুর রহমান, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১

৩। **প্রকল্প পরিদর্শনের তারিখ** : ১২/০১/২০২০ খ্রিঃ

৪। **প্রকল্পের অবস্থান** : দেশের ৬৪ জেলার ৪৮৯টি উপজেলা ও তেজগাঁও সার্কেল।

৫। **বাস্তবায়নকারী সংস্থা** : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৬। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : দুর্যোগ ব্যবস্থাপনা ওত্রাণ মন্ত্রণালয়

৭। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (বৈঃমুঃ)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৩৬৮৪৩৫.৯০	৩৬৮৪৩৫.৯০	৩৫৯৭৮২.৫৮	০১/০১/২০১৬ থেকে ৩০/০৬/২০১৯	০১/০১/২০১৬ থেকে ৩০/০৬/২০১৯	০১/০১/২০১৬ থেকে ৩০/০৬/২০১৯	ব্যয় অতিক্রান্ত হয়নি।	সময় অতিক্রান্ত হয়নি।

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক ও বাস্তব অগ্রগতি

(লক্ষ টাকায়)

কোড	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১.১২.২০১৮)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৩১১১১০১	অফিসারদের বেতন	১৬	১৯৯.৩৭	১৬	৬৮.৬৭	১৬
৩১১১২০১	কর্মচারীদের বেতন	২	৭.৩৪	২	-	২
৩১১১৩০১	দায়িত্ব ভাতা	১৬	০.৫০	১৬	-	১৬
৩১১১৩০৪	মহার্ঘ ভাতা	১৬	০.৫০	১৬	-	১৬
৩১১১৩২৭	অতিরিক্ত খাটুনী ভাতা	১৬	০.৫০	১৬	-	১৬
৩১১১৩৩৫	বাংলা নববর্ষ ভাতা	১৬	০.৫০	১৬	০.৪২	১৬
৩১১১৩১০	বাড়ী ভাড়া ভাতা	৪৪৮	১১০.৫৭	৪৪৮	৩৩.১৭	৪৪৮
৩১১১৩২৮	শ্রান্তি বিনোদন	৪৪৮	১০.২৩	৪৪৮	১.৪৭	৪৪৮

কোড	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১.১২.২০১৮)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৩১১১৩২৫	উৎসব ভাতা	৪৪৮	৪৮.৮৪	৪৪৮	১১.৫৩	৪৪৮
৩১১১৩১১	চিকিৎসা ভাতা	৪৪৮	১০.৯৮	৪৪৮	২.৩৩	৪৪৮
৩১১১৩১৪	টিফিন	৪৩২	০.৪৭	৪৩২	০.২৯	৪৩২
৩১১১৩০২	যাতায়াত ভাতা	৪৩২	০.৩৬	৪৩২	-	৪৩২
৩১১১৩০৬	শিক্ষা ভাতা	৪৪৮	৭.১৯	৪৪৮	১.০৭	৪৪৮
৩১১১৩৩৮	অন্যান্য	৪৪৮	৪৯.৬৯	৪৪৮	৫.০২	৪৪৮
৩২৪১১০১	ভ্রমণ ব্যয়	LS	১০.০০	LS	০.৮২	LS
৩২১১১২০	টেলিফোন ব্যয়	১৫	৩.০০	১৫	০.৯০	১৫
৩২২১১০৪	নিবন্ধন ফি	৩৫৭	৬০.০০	৩৫৭	৫১.১৮	৩৫৭
৩১৪৩১০১	গ্যাস ও জ্বালানী	৫২৮	৫৪৯.৩৪	৫২৮	২১১.৫০	৫২৮
৩২৫৫১০২	মুদ্রণ	LS	৭.০০	LS	২.৩৯	LS
৩২৫৫১০৪	আনুষাংগিক ব্যয়	LS	৩৮.৫৩	LS	৩০.৯৬	LS
৩২১১১২৭	নিউজ পেপার ও ম্যাগাজিন	LS	২.০০	LS	-	LS
৩২১১১২৫	দরপত্র বিজ্ঞপ্তি	LS	৩০.০০	LS	২৩.৮৮	LS
৩২৩১২০১	প্রশিক্ষণ (দেশীয়)	LS	২০.৮৪	LS	১৪.২৯	LS
৩২৩১১০১	প্রশিক্ষণ (বৈদেশিক)	LS	৮০.৭৮	LS	২১.৭৮	LS
৩২১১১৩১	আউটসোর্সিং	৪৩০	৪,৬০৫.৮০	৪৩০	২,৪২৯.৭৫	৪৩০
৩২৫৭২০৬	সম্মানী ভাতা	LS	৩২.০০	LS	০.৬২	LS
৩১২১১০৭	ফটোকপি	LS	১২.০০	LS	১.৪২	LS
৩২৫৫১০৫	অন্যান্য আনুষাংগিক	৪৯০	৪০৪.০০	৪৯০	২৩২.৭৩	৪৯০
৩২৫৮১০১	মটরযান মেরামত	৫২৭	৮০.০০	৫২৭	৬১.৮৪	৫২৭
৩২৫৮১০৩	অফিস সরঞ্জাম	LS	১০.০০	LS	২.০৫	LS
Sub-total (Revenue component)			**৬,৩৯২.৩৩**		**৩,২১০.০৮**	
৪১১২১০১	জীপ	১৮	১,২৩৯.৯৫	১৮	১,২৩৯.৯৫	১৮
৪১১২১০১	মাইক্রোবাস	২	৭৬.৯৮	২	৭৬.৯৮	২
৪১১২১০১	মটর সাইকেল	৩৩৭	৮৪২.১৬	৩৩৭	৮৪২.১৬	৩৩৭
৪১১৩৩০১	কম্পিউটার ও সফটওয়ার	২	১০.০০	২	-	২
৪১১২৩১০	ল্যাপটপ, ফটোকপি ও প্রিন্টার	২১	১৯.৭০	২১	৪.৭০	২১
৪১১২৩১৪	আসবাবপত্র	LS	৬১.৪০	LS	৬১.৪০	LS
৪১১১৩০৩	সেতু/কালভার্ট নির্মাণ	১২৯,৯২৪	৩৫৬,৮২৯.৯৮	১২৯,৯২৪	৩৫৪,৩৪৭.৩১	১২৯,৯২৪
Sub-Total (Capital component)			**৩৫৯,০৮০.১৭**		**৩৫৬,৫৭২.৫০**	

কোড	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১.১২.২০১৮)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	ফিজিক্যাল কন্টিজেন্সী		৯৬৩.৪০		-	
	প্রাইজ কন্টিজেন্সী		২,০০০.০০		-	
	Grand Total		**৩৬৮,৪৩৫.৯০**		**৩৫৯,৭৮২.৫৮ (৯৭.৬৫%)**	

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ ৩১৪৫১ টি ব্রীজ হতে ৩১৩২৪টি ব্রীজ ১০০% সমাপ্ত হয়েছে। তবে ২৩টি ব্রীজ প্রাকৃতিক দুর্যোগের কারণে অসমাপ্ত রয়ে গেছে।

১০। প্রকল্পের পটভূমিঃ স্বাধীনতাত্তোরকালে গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের জন্য ইউএসএইড এর পিএল-৪৮০ টাইটেল-২ এবং বিশ্ব খাদ্য কর্মসূচীর আওতায় কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর মাধ্যমে ১৯৭৫-৭৬ সাল হতে গ্রামীণ কাঁচা রাস্তা উন্নয়নের কাজ শুরু হয়। কিন্তু এ সমস্ত রাস্তার মাঝে প্রয়োজনীয় সেতু/কালভার্ট নির্মাণ না করায় এবং সার্বিকভাবে যোগাযোগ ব্যবস্থার উল্লেখযোগ্য উন্নতি না হওয়ায় ১৯৮২ সাল হতে পিএল-৪৮০ টাইটেল-২ এর আওতায় প্রদত্ত গমের বিক্রয়লব্ধ অর্থ দ্বারা সীমিত আকারে গ্রামীণ সড়কে 'কেয়ার বাংলাদেশ' এর তত্ত্বাবধানে অনুর্ধ্ব ৪০ ফুট (১২ মিটার) দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ কার্যক্রম ১৯৯৩ সাল পর্যন্ত বাস্তবায়িত হয়।

পরবর্তীতে "কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় নির্মিত রাস্তায় ছোট ছোট (১২ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত) সেতু/কালভার্ট নির্মাণ (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় জুলাই ১৯৯৪ হতে জুন, ২০০৯ পর্যন্ত সময়ে ৬১টি জেলার ৪৫৯টি উপজেলায় ৩৭,৩৮১ মিটার (৪,৯৪৮টি) সেতু/কালভার্ট মোট ৪৭০.০২ কোটি টাকা জিওবি অর্থায়নে নির্মাণ করা হয়। দ্বিতীয় পর্যায়ে জুলাই ২০০৯ হতে জুন, ২০১২ পর্যন্ত সময়ে ৬১টি জেলার ৪৫৯টি উপজেলায় ১৬,৫৯৬ মিটার (১৬১৫টি) সেতু/কালভার্ট মোট ৩১৪.১৮ কোটি টাকা জিওবি অর্থায়নে নির্মাণ করা হয়। দেশের পার্বত্য জেলা ব্যতিত ৬১টি জেলার ৪৯০টি উপজেলায় ৪৬২৯৫মিটার (৪৯২৮টি)সেতু/কালভার্ট নির্মাণের লক্ষ্যে মোট ১০৮৫.০৯ কোটি টাকা ব্যয়ে জুলাই, ২০১২ থেকে জুন, ২০১৬ মেয়াদে একটি প্রকল্প বাস্তবায়িত হয়েছে। এছাড়া পার্বত্য ৩টি জেলা ২৫ টি উপজেলায় ৮৮৭৯মিঃ(৮৪০টি ব্রীজ) সেতু/কালভার্ট নির্মাণের লক্ষ্যে মোট ২৪২.১০ কোটি টাকা ব্যয়ে আরও একটি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। চলমান প্রকল্পটি ইতোমধ্যে আইএমইডি কর্তৃক মধ্যবর্তী মূল্যায়ন করা হয়েছে এবং নতুন প্রকল্প গ্রহণের লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করা হয়েছে। আইএমইডির মধ্যবর্তী মূল্যায়নের সুপারিশ এবং ফিজিবিলিটি স্টাডির সুপারিশের আলোকে আলোচ্য প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে।

১১। প্রকল্পের উদ্দেশ্যঃ

- "কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী" এবং "ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট (ইজিপিপি)" শীর্ষক কর্মসূচীর মাধ্যমে নির্মিত মাটির রাস্তার গ্যাপে সেতু/কালভার্ট নির্মাণ করে জলাবদ্ধতা দূরীকরণ;
- পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে দুর্যোগজনিত ঝুঁকি হ্রাসকরণ;
- দেশের সমতল এলাকায় স্থানীয় হাট-বাজার, গ্রোথসেন্টার, শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদের সাথে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় নির্মিত রাস্তাসমূহের সংযোগ স্থাপনের মাধ্যমে কৃষি উপকরণ সহজভাবে পরিবহণ ও বিপণনে সহায়তা প্রদানসহ গ্রামীণ যোগাযোগ ব্যবস্থান উন্নয়ন সাধন করা;
- অবকাঠামো নির্মাণের মাধ্যমে গ্রামীণ এলাকায় দারিদ্র্য দূরীকরণ এবং দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি	প্রঃ সাঃ	জিটিসিএল			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৩৬৮,৪৩৫.৯০	৩৬৮,৪৩৫.৯০	-	-	জানু.- ২০১৬ হতে জুন ২০১৯	০১/০৩/২০১৬	-	-

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি	প্রঃ সাঃ	জিটিসিএল			ব্যয় (%)	মেয়াদ (%)
সংশোধিত (১ম)	৩৬৮,৪৩৫.৯০	৩৬৮,৪৩৫.৯০	-	-	জানু.- ২০১৬ হতে জুন ২০১৯	০১/০১/২০১৯	-	-

প্রকল্প সংশোধনের প্রধান কারণঃ

- যে সমস্ত উপজেলা অধিক গুরুত্বপূর্ণ হয়েও তুলনামূলকভাবে বরাদ্দ কম পেয়েছে। সে সমস্ত উপজেলায় বরাদ্দের সমতা আনা;
- সংরক্ষিত মোট ১০০০মিটার সেতু/কালভার্টের বরাদ্দ উপজেলার বরাদ্দের সাথে সমন্বয় করা;
- যে সমস্ত উপজেলায় মূল ডিপিপি'র তুলনায় উপজেলার চাহিদার ভিত্তিতে কম/বেশী বরাদ্দ দেয়া হয়েছে, তা সমন্বয় করা;
- ২০১৮-১৯ অর্থ বৎসরের বাস্তবায়িত প্রকল্পের মধ্যে কতিপয় প্রকল্প প্রাকৃতিক দুর্যোগ, অতিবৃষ্টি ও অন্যান্য প্রতিকূলতার দরুণ অসমাপ্ত থেকে যেতে পারে। তাছাড়া প্রকল্পটি সমাপ্তি প্রতিবেদন, আইএমইডি'র প্রকল্প মূল্যায়নসহ বিভিন্ন কাজের জন্য ও অসমাপ্ত প্রকল্পসমূহ সমাপ্তকরণের লক্ষ্যে প্রকল্পের মেয়াদ সংশোধিত ডিপিপিতে ১(এক) বছর অর্থাৎ ৩০ জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে ।

১৩। প্রকল্পে অর্থায়নঃ

লক্ষ টাকা

মোট	ঋণ	অনুদান/ইক্যুইটি	Cash Foreign Exchange
(১)	(২)	(৩)	(৪)
৩৬৮,৪৩৫.৯০	-	-	-

১৪। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

ভৌত অগ্রগতিঃ

ক্রমিক	অঙ্গের বিবরণ	অগ্রগতি
	৩১৪৫১ টি ব্রীজ হতে ৩১৩২৪টি ব্রীজ ১০০% সমাপ্ত হয়েছে। তবে ২৩টি ব্রীজ প্রাকৃতিক দুর্যোগের কারণে অসমাপ্ত রয়ে গেছে।	**৯৯.৮৩%**

আর্থিক অগ্রগতিঃ

(লক্ষ টাকা)

অর্থ বছর	এডিপি/আরএডিপি বরাদ্দ		ব্যয়		অব্যয়িত অর্থ
	মোট	টাকা	মোট	টাকা	
১	২	৩	৪	৫	৬
২০১৫-২০১৬	৫৬৯৩৫.০৮	৫৬৯৩৫.০৮	৫৬,৭৫৭.৬৭	৫৬,৭৫৭.৬৭	১৭৭.৪১
২০১৬-২০১৭	১৬৫০৮২	১৬৫০৮২	১৬৩,৭৪৬.৬৬	১৬৩,৭৪৬.৬৬	১,৩৩৫.৩৪
২০১৭-২০১৮	৭৫০০০	৭৫০০০	৬১,২৯৬.৫০	৬১,২৯৬.৫০	১৩,৭০৩.৫০
২০১৮-২০১৯	৮০৩০০	৮০৩০০	৭৭,৯৮১.৭৫	৭৭,৯৮১.৭৫	২,৩১৮.২৫
মোট	**৩৭৭৩১৭.০৮**	**৩৭৭৩১৭.০৮**	**৩৫৯,৭৮২.৫৯**	**৩৫৯,৭৮২.৫৯**	**১৭,৫৩৪.৪৯**

১৫। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

প্রকল্পটি ৩৬৮,৪৩৫.৯০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানু ২০১৬ হতে জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০১/০৩/২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। অতঃপর ০১/০১/২০১৬ তারিখে প্রকল্পের ব্যয় এবং মেয়াদকাল ঠিক রেখে কিছু অংগের সংশোধন সাপেক্ষে প্রকল্পটি সংশোধন করা হয়। প্রকল্পের শুরু থেকে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি **৩৫৯,৭৮২.৫৮** লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের **৯৭.৬৫%।** বাস্তব অগ্রগতি **৯৯.৮৩%**। প্রকল্পের আওতায় ৩১৪৫১ টি ব্রীজ নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল তন্মধ্যে ৩১৩২৪টি ব্রীজ নির্মাণকাজ সমাপ্ত হয়েছে। ২৩টি ব্রীজ প্রাকৃতিক দুর্যোগের কারণে অসমাপ্ত রয়ে গেছে।

১৬। পর্যবেক্ষণঃ

প্রকল্পের আওতায় কার্যক্রম পর্যবেক্ষণের জন্য চট্রগ্রাম জেলার মীরসরাই, সিতাকুন্ড, আনোয়ারা এবং কর্ণফুলি উপজেলা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প সংল্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শন শেষে প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়। পরিদর্শনকালীন তথ্য এবং প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এই প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। পরিদর্শিত এলাকার অগ্রগতির তথ্য নিম্নের অনুচ্ছেদসমূহে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

মীরসরাই সৈদালী বেড়ী বাঁধে ছড়ার উপর সেতু নির্মাণ (মায়ানী ইউপি):

সৈদালী বেড়ী বাঁধে ছড়ার উপর সেতু নির্মাণ (মায়ানী ইউপি) ব্রীজ নির্মাণের লক্ষ্যে ১৫,৭৫,৫৩০.০০ টাকা ব্যয়ে মেসার্স পাবিয়া ট্রেডার্সকে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ ২৮/০৭/২০১৮ এবং কাজ সমাপ্তির তারিখঃ ২৫/১২/২০১৮। সেতুটির দৈঘ্য ২০ ফিট এবং প্রস্থ ১৪ ফিট। নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত হয়েছে । পরিদর্শনকালে দেখা যায় যে সেতুতে উঠার সংযোগ সড়কের মাটি সরে গিয়েছে (ছবি সংযুক্ত)। দায়িত্বপ্রাপ্ত পিআইওর সেতুটি নিয়মিত পরিদর্শন নিশ্চিত করতে হবে। দ্রুত এপ্রোচ সড়কটিতে প্রয়োজনীয় মাটি ফেলে সড়কটি চলাচলের উপযোগী করা প্রয়োজন। পরিদর্শনকালে বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে ডিআরআরও ঠিকাদারকে দিয়ে দ্রুত মাটি ফেলে জায়গাটি ঠিক করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

সীতাকুন্ড উপজেলায় মধ্যম বগাচতর নুরুল ইসলাম সড়কে কেয়া ছড়ার উপর ব্রীজঃ

মধ্যম বগাচতর নুরুল ইসলাম সড়কে কেয়া ছড়ার উপর ব্রীজ নির্মাণের লক্ষ্যে ১৫,৭৫,৫৩০.০০ টাকা ব্যয়ে মেসার্স হারুন এন্টারপ্রাইজকে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ ৩০/০৮/২০১৮ এবং কাজ সমাপ্তির তারিখঃ ১২/১১/২০১৮। সেতুটির দৈঘ্য ৩২ ফিট এবং প্রস্থ ১৪ ফিট। নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে সেতুতে উঠার সংযোগ সড়কের মাটি সরে গিয়েছে (ছবি সংযুক্ত)। দায়িত্বপ্রাপ্ত পিআইওর সেতুটি নিয়মিত পরিদর্শন নিশ্চিত করতে হবে। দ্রুত এপ্রোচ সড়কটিতে প্রয়োজনীয় মাটি ফেলে সড়কটি চলাচলের উপযোগী করা প্রয়োজন।

কর্ণফুলী উপজেলা জুলধা শাহমীরপুর সনাতন পাড়া সড়কে ফিরিঙ্গী খালে ব্রীজঃ

জুলধা শাহমীরপুর সনাতন পাড়া সড়কে ফিরিঙ্গী খালে ব্রীজ উপর ব্রীজ নির্মাণের লক্ষ্যে ২৪,৪৫,৯৪৫.০০ টাকা ব্যয়ে নাহার মেটালকে কার্যাদেশ প্রদান করা হয় । কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ ১১/০৮/২০১৮ এবং কাজ সমাপ্তির তারিখঃ ২৮/০২/২০১৯। সেতুটির দৈঘ্য ৩২ ফিট এবং প্রস্থ ১৪ ফিট।নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত হয়েছে। পরিদর্শন কালে দেখা যায় যে ব্রীজের নির্মাণকাজ অনেক আগে শেষ করলেও এখন পর্যন্ত নাম ফলক লাগানো হয়নি (ছবি সংযুক্ত)। এছাড়া এপ্রোচ সড়কে মাটি ফেলে ব্রীজটির সংযোগ সড়কটিও ঠিক করা হয়নি। দায়িত্ব প্রাপ্ত পিআইও নিয়মিত সেতুটি পরিদর্শন করেন বলে মনে হয়না। এভাবে কাজ অসমাপ্ত রেখে ঠিকাদারকে কেন বিল পরিশোধ করা হলো মন্ত্রণালয় বিষয়টি পরীক্ষা করে দেখতে পারে। পরিদর্শনকালে এলাকার জনগণ জানিয়েছে ব্রীজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যায়গায় অবস্থিত যেখান দিয়ে প্রচুর জনসাধারণ আসাযাওয়া করে। সংযোগ সড়ক ঠিক না থাকায় বর্ষা মৌসুমে এলাকার লোকদের আসা-যাওয়ার অনেক অসুবিধা হয়। পরিদর্শনকালে বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে ডিআরআরও ঠিকাদারকে দিয়ে দ্রুত মাটি ফেলে জায়গাটি ঠিক করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

আনোয়ারা বৈরাগ পশ্চিমপাড়া জামে মসজিদ সড়কে কান্দুরী খালের উপর ব্রীজ নির্মাণঃ

বৈরাগ পশ্চিমপাড়া জামে মসজিদ সড়কে কান্দুরী খালের উপর ব্রীজ নির্মাণের লক্ষ্যে ৩০,৯০,০২০.০০ টাকা ব্যয়ে মেসার্স কুতুব উদ্দিন এন্ড ব্রাদার্সকে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ ২৭/০৮/২০১৬ এবং কাজ সমাপ্তির তারিখঃ ১০/১০/২০১৬। সেতুটির দৈঘ্য ৪০ ফিট এবং প্রস্থ ১৪ ফিট। নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত হয়েছে (ছবি সংযুক্ত)। পরিদর্শন কালে ব্রীজ নির্মাণকাজ কার্যাদেশ অনুযায়ী নির্মিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। ব্রীজ থেকে নামার পথে এইচবিবি রাস্তার কিছু অংশ ভেংগে গিয়েছে। পরিদর্শনকালে বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে ডিআরআরও ঠিকাদারকে দিয়ে দ্রুত মাটি ফেলে জায়গাটি ঠিক করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

১৭। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য (ডিপিপি'র তথ্যানুযায়ী):

ক) **কার্য**:

(লক্ষ টাকায়)

কাজের বিবরণ	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/ এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
Wd1 ব্রীজ/কালভার্ট নির্মাণ	৬২৩৩.২৬	১৭৪৭২.৩৫				
Wd1 ব্রীজ/কালভার্ট নির্মাণ	৭৩৩৪৬.৫৭	১৯৭৯৫৪.৮৪				
Wd2 ব্রীজ/কালভার্ট নির্মাণ	৩৬৩৮৩.০২	৯৮২৬৬.৫০				
Wd2 ব্রীজ/কালভার্ট নির্মাণ	১৩৯৬১.১৫	৩৭১০১.১০				
মোট	১২৯৯২৪.০০ ৪৯০ টি প্যাকেজ					

* প্রকল্প কর্তৃপক্ষ থেকে ক্রয় কার্যক্রম সম্পর্কিত কোন তথ্য সরবরাহ করা হয়নি।

খ) সেবাঃ

কাজের বিবরণ	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/ এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত

গ) পণ্যঃ

কাজের বিবরণ	দরপত্র মূল্য (লক্ষ টাকা)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/ এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
GD1 জীপ (২৭০০ সিসি)	১৮	১২৮৩.৪০				
GD1 মাইক্রোবাস (৩০০০ সিসি)	২	৮০.০০				
GD2 মটরসাইকেল (১৫০ সিসি)	৩৩৭	৮৪২.০০				
GD3 সফটওয়্যার ও সার্ভার	২	১০.০০				
GD4 Laptop core-i7 (For HQ)15 & Photocopier 2 Printer 4 nos & Projector 1 No (Laptop 0.65, Photocopier 185, Printer 0.25, Projector 0.55)	২১	১৫.০০				
GD5 ফার্ণিচার	৪২৭	৬৫.০০				

* প্রকল্প কর্তৃপক্ষ থেকে ক্রয় কার্যক্রম সম্পর্কিত কোন তথ্য সরবরাহ করা হয়নি।

১৮। **প্রকল্পের ব্যবহৃত গাড়ি সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্পের আওতায় ১৮টি জীপ, ২টি মাইক্রোবাস এবং ৩৩৭টি মটরসাইকেল ক্রয়ের জন্য ২১৫৯.০৯ লক্ষ টাকা ব্যয় করা হয় প্রকল্প শেষ ১০টি জীপ জেলা পর্যায়ে ব্যবহারের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে এবং ৩৩৭টি মটরসাইকেল উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

১৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
মোঃ রিয়াজ আহমেদ (অতিঃ সচিব) মহাপরিচালক ও প্রকল্প পরিচালক	না	হ্যাঁ	০১-০১-২০১৬	০২/১১/২০১৭
সওদাগর মোস্তাফিজুর রহমান (অতিঃ সচিব) প্রকল্প পরিচালক	হ্যাঁ	না	২৯-১২-২০১৬	৩০-০৬-২০১৯

২০। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(ক) "কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী" এবং "ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট (ইজিপিপি)" শীর্ষক কর্মসূচীর মাধ্যমে নির্মিত মাটির রাস্তার গ্যাপে সেতু/কালভার্ট নির্মাণ করে জলাবদ্ধতা দূরীকরণ;	(ক) "কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী" এবং "ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট (ইজিপিপি)" শীর্ষক কর্মসূচীর মাধ্যমে নির্মিত মাটির রাস্তার গ্যাপে সেতু/কালভার্ট নির্মাণ করে জলাবদ্ধতা দূরীকরণ সম্ভব হয়েছে।
(খ) পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে দুর্যোগজনিত ঝুঁকি হ্রাসকরণ;	(খ) পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে দুর্যোগজনিত ঝুঁকি হ্রাস হয়েছে।
(গ) দেশের সমতল এলাকায় স্থানীয় হাট-বাজার, গ্রোথসেন্টার, শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদের সাথে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় নির্মিত রাস্তাসমূহের সংযোগ স্থাপনের মাধ্যমে কৃষি উপকরণ সহজভাবে পরিবহণ ও বিপণনে সহায়তা প্রদানসহ গ্রামীণ যোগাযোগ ব্যবস্থান উন্নয়ন সাধন করা;	(গ) দেশের সমতল এলাকায় স্থানীয় হাট-বাজার, গ্রোথসেন্টার, শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদের সাথে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় নির্মিত রাস্তাসমূহের সংযোগ স্থাপনের মাধ্যমে কৃষি উপকরণ সহজভাবে পরিবহণ ও বিপণনে সহায়তা প্রদানসহ গ্রামীণ যোগাযোগ ব্যবস্থান উন্নয়ন সাধন করা হয়েছে।
(ঘ) অবকাঠামো নির্মাণের মাধ্যমে গ্রামীণ এলাকায় দারিদ্র্য দূরীকরণ এবং দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।	(ঘ) অবকাঠামো নির্মাণের মাধ্যমে গ্রামীণ এলাকায় দারিদ্র্য দূরীকরণ এবং দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

২১। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ : প্রযোজ্য নয়।

২২। অডিট :

নিরীক্ষা বছর	ইস্যুকৃত প্যারা সংখ্যা	নিষ্পত্তিকৃত প্যারা সংখ্যা	অবশিষ্ট প্যারা সংখ্যা	আপত্তিসমূহ
২০১৫-১৬	১২/০৩/২০১৮			আপত্তি নাই
২০১৬-১৭	১২/০৩/২০১৮			
২০১৭-১৮	৩০/০৬/২০১৯			

২৩। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : প্রকল্পের কার্যক্রম চলাকালীন ছোট-খাটো সমস্যা প্রকল্প মেয়াদেই সমাধান করা হয়েছে।

২৪। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): প্রযোজ্য নয়

২৫। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন : প্রযোজ্য নয়।

২৬। প্রকল্প কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র:

চিত্র	বর্ণনা
	
সীতাকুন্ড উপজেলায় মধ্যম বগাচতর নুরুল ইসলাম সড়কে কেয়া ছড়ার উপর নির্মিত ব্রীজ	**সীতাকুন্ড উপজেলায় মধ্যম বগাচতর নুরুল ইসলাম সড়কে কেয়া ছড়ার উপর নির্মিত ব্রীজ**
	
কর্ণফুলী উপজেলা জুলধা শাহমীরপুর সনাতন পাড়া সড়কে ফিরিঙ্গী খালে নির্মিত ব্রীজ	**আনোয়ারা বৈরাগ পশ্চিমপাড়া জামে মসজিদ সড়কে কান্দুরী খালের উপর নির্মিত ব্রীজ**

২৭। সুপারিশ:

২৭.১। প্রকল্পের অসমাপ্ত ২৩টি ব্রীজ এর নির্মাণ কাজ পরবর্তী প্রকল্পের মাধ্যমে সম্পন্ন করতে হবে এবং ব্রীজ নির্মাণ সম্পর্কিত তথ্য আইএমইডিকে অবহিত করতে হবে;

২৭.২। প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের ক্রয় কার্যক্রম সম্পর্কিত তথ্য সরবরাহ করা হয়নি। ক্রয় কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি ১৫ দিনের মধ্যে আইএমইডি'র নিকট প্রেরণ করতে হবে;

২৭.৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় নির্মিত ব্রীজ/কালভার্টসমূহের বর্তমান অবস্থা তদারকির জন্য একটি ডাটাবেইজ তৈরী করতে পারে;

২৭.৪। বৃষ্টি, বন্যা এবং দীর্ঘদিন ব্যাবহারের ফলে ব্রীজ/কালর্ভাটে উঠা-নামার এপ্রোচ সড়কের মাটি সরে যায়। এ সমস্যা প্রায় প্রতিটি পুরাতন ব্রীজের ক্ষেত্রে পরিলক্ষিত হয়েছে। পুরাতন ব্রীজের প্রয়োজনীয় সংস্কার এবং এপ্রোচ সড়কের মেরামত কাজ করার জন্য দুর্যোগ মন্ত্রণালয় থোক বরাদ্দের ব্যবস্থা রাখতে পারে;

২৭.৫। ভবিষ্যতে এই ধরণের ছোট ছোট ব্রীজ নির্মাণকালে সংযোগ সড়কের কিছু অংশ এইচবিবি অথবা ঢালাই করে দেয়া যায় কিনা মন্ত্রণালয় বিষয়টি পরীক্ষা করে দেখতে পারে। ব্রীজ/কালভার্ট নির্মাণ কাজে কাঠের সাটারিং ব্যবহার পরিহার করতে হবে;

২৭.৬। প্রকল্পটির পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।